

নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩৫.২২-৫৯

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩
০৯ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন, যার লাইসেন্স নং ১৩/২০২২, তারিখ: ১৭/১০/২০২২;

যেহেতু, বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন বালাইনাশকের কীচামাল আমদানি ও উৎপাদন ব্যবসার সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠান;
যেহেতু, বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন এর অধিকাংশ সদস্য টি.ও লাইসেন্স প্রাপ্তির পূর্বে বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন-এর সদস্য ছিল এবং এখনও অনেকেই সদস্য হিসেবে রয়েছে;

যেহেতু, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন এর সদস্য সংখ্যা ১২৩০ এবং বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন এর সদস্য সংখ্যা ২০টি ব্যবসায়ী প্রতিষ্ঠান;


যেহেতু, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন এবং বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন সংগঠন ০২ (দুই)টির উদ্দেশ্য, প্রকৃতি ও পরিধি একই ধরনের;

যেহেতু, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন এবং বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন উভয় বাণিজ্য সংগঠনের লক্ষ্য অভিন্ন হওয়ায় একই খাতে একাধিক সংগঠন থাকায় বালাইনাশক আমদানি, উৎপাদন, বিতরণ ও বাজারজাতকরণে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে;

যেহেতু, বালাইনাশক ব্যবসায়ের সাথে সম্পৃক্ত ০১ (এক)টি বাণিজ্য সংগঠন থাকাই যুক্তিযুক্ত;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৮ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর ১০ বিধির প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বামা)-কে বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন (বিসিপিএ)-এর সঙ্গে একীভূত করার উদ্দেশ্যে বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বামা)-এর অনুকূলে ১৭/১০/২০২২ তারিখে প্রদানকৃত ১৩/২০২২ নম্বর লাইসেন্স সরকার এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব
বাণিজ্য সংগঠন-২ শাখা
ফোন-৯৫৪০৫৩০

নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৩৫.২২-৫৯

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩
০৯ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
- ০২। প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা
- ০৩। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। উপপরিচালক, বাংলাদেশ ফর্মস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০ (দশ) কপি প্রেরণের অনুরোধসহ)
- ০৭। সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৮। সভাপতি, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন, সেন্টার পয়েন্ট, কনকর্ড, ১২ তলা, ইউনিট ডি, ১৪/এ এবং ৩১/এ, তেজকুণীপাড়া, ফার্মগেট, ঢাকা-১২১৫
- ০৯। সভাপতি, বাংলাদেশ এগ্রোকেমিক্যাল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, সিজিডিএল সোনারগাঁও টাওয়ার, ৮,৯,১০/৩, ফ্রি স্কুল স্ট্রিট, কলাবাগান, ঢাকা-১২০৫
- ১০। ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক এর অবগতির জন্য)


চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব